



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৩৪

১৫ আগস্ট ইতিহাসের এক কলঙ্কজনক অধ্যায়

--- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ০২ ভাদ্র (১৭ আগস্ট):

সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার সময় দেশি-বিদেশি চক্রান্ত ছিল। এ হত্যাকাণ্ড স্বাধীনতার ওপর বড় আঘাত দিয়েছে। ১৫ আগস্ট ইতিহাসের কলঙ্কজনক অধ্যায়। ইনডেমনিটি আদেশের মাধ্যমে হত্যাকাণ্ডের বিচারের পথ রুদ্ধ করেছিল হত্যাকাণ্ডের মাস্টারমাইন্ডরা।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) দুপুরে নওগাঁর পোরশায় গাঙ্গুরিয়া কে.জি স্কুল মাঠে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সরকারের বিভিন্ন উন্নয়ন তুলে ধরে মন্ত্রী বলেন, ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বিধবাবাতা, বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা দিচ্ছে। বীর মুক্তিযোদ্ধাদের আশানুরূপ সম্মানীভাতা দেয়া হচ্ছে। তিনি সবাইকে পেনশনের আওতায় আনতে সার্বজনীন পেনশন সুবিধা চালু করেছেন। তাই দেশের উন্নয়ন চাইলে শেখ হাসিনাকে ভোট দিয়ে আবারও প্রধানমন্ত্রী করার আহ্বান জানান তিনি।

গাঙ্গুরিয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মো: হারুনার রশীদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন পোরশা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো: আনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মো: মোফাজ্জল হোসেন।

পরে ১৫ আগস্টের শহিদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৫.৪০ঘ.